দৈনিক

তারিখ 11 JUN 2008
পৃষ্ঠা 12 কলাম

# খারাপ ফল : ৮৩৪টি মাধ্যমি
# স্কুল এবং ৮২টি বিএ
# কলেজের এমপিও স্থগিত

স্টাফ রিপোর্টার

এসএসসি এবং কারিগরি বোর্ডের অধী
এইচএসসি বিএম (ব্যবসায় ব্যবস্থাপ
পরীক্ষায় খারাপ ফলাফলের জন্য দেশে
৮৩৪টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৮২
টেকনিক্যাল এন্ড বিএম কলেজের এমপি
(মাসিক সরকারী অর্থ প্রদান) অথ
একাডেমিক স্বীকৃতি স্থগিতের সিদ্ধান্ত নি
সরকার। শিগ্‌গিরই এই শাস্তিমূলক ব্যবস্থা
বিষয়ে আদেশ জারি করা হবে। এ বিষ
শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচি
হাবিবুর রহমান মঙ্গলবার বলেন, দুই
একদিনের মধ্যে পৃ ১৫ : ক : ২

## খারাপ ফল : ৮৩৪টি মাধ্যমি

১২-এর পৃষ্ঠার পর

বিএম কলেজগুলোর বিষয়ে আদেশ জারি হবে। অ
স্কুলগুলোর বিষয়ে আদেশ জারি হবে খুব শিগ্‌গিরই
শিক্ষা মন্ত্রণালয়ের আরেকজন উচ্চপদস্থ কর্মক
মঙ্গলবার জানান, গত বছরের (২০০৭) এসএস
পরীক্ষায় যেসব বিদ্যালয় থেকে ৫ জনের কম শিক্ষা
পাস করেছে এমন ৮৩৪টি বিদ্যালয়ের বিরু
শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ
মধ্যে ,৫১২টি বিদ্যালয়ের এমপিও স্থগিত করা
সিদ্ধান্ত হয়েছে। একাডেমিক স্বীকৃতি স্থগিত করা
সিদ্ধান্ত হয়েছে ৩২২টি বিদ্যালয়ের। তিনি জানা
কারিগরি বোর্ডের অধীনে গত বছরের এইচএসি
(বিএম- ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষায় খারা
ফলাফলের জন্য মোট ৮২টি টেকনিক্যাল এন্ড বিএ
কলেজের বিরুদ্ধেও শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার সিদ্ধা
হয়েছে। এর মধ্যে পাঁচজনের কম পাস করেছে এম
৭৩টি প্রতিষ্ঠানের মধ্যে চারটির এমপিও স্থগিত এব
৬৯টির একাডেমিক স্বীকৃতি স্থগিত করা হচ্ছে। আর
১ জনও পাস করেনি এমন ৯টি প্রতিষ্ঠানের মধ্যে
৫টির এইচএসসি স্তরের এমপিও এবং ৪টির
একাডেমিক স্বীকৃতি স্থগিত করার সিদ্ধান্ত হয়েছে।
তিনি জানান, পরবর্তীতে ভাল ফল করার শর্তে এই
স্থগিতাদেশ প্রত্যাহার করা হতে পারে।